দৈনিক সংবাদ

৩০/১০/২০০৫

তারিখ ... ...
পৃষ্ঠা ... কলাম ... ৮ ...

মানব সম্পদ উন্নয়নে সচিব কমিটির আহ্বান

তথ্য ব্যাংক প্রতিষ্ঠা, বন্ধ বিশ্ববিদ্যালয়গুলো খুলে দেয়া ও পরীক্ষার সময়সূচি নির্ধারণ

প্রফুল্ল কুমার ভক্ত ॥ মানবসম্পদ উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে মান অনুযায়ী জরিপ ও বিন্যস্ত, জনশক্তি রপ্তানির ক্ষেত্রে দেশে ও বিদেশে চাহিদা সম্পর্কে জরিপ করে তথ্য ব্যাংক প্রতিষ্ঠা, পরিকল্পনা কমিশনে 'মানবসম্পদ উন্নয়ন ফোকাল পয়েন্ট' গঠন এবং বন্ধ বিশ্ববিদ্যালয়গুলোকে খুলে দেয়া ও পরীক্ষা নেয়ার সময়সূচি নির্ধারণ করার সুপারিশ করেছে। এসব সুপারিশ স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি এই তিন শ্রেণীতে ভাগ করে একশ দিনে বাস্তবায়নের সুপারিশ করেছে ওই সচিব কমিটি।

গত ১৭ই অক্টোবর সরকারের সচিবদের সঙ্গে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বৈঠক করেন। ওই বৈঠকে একশ দিনের মধ্যে বাস্তবায়নের উপযোগী সুপারিশমালা তৈরি করার জন্য পাঁচটি সচিব কমিটি গঠন করা হয়। শিক্ষা মন্ত্রণালয়ের সচিব মোহাম্মদ শহীদুল আলমের নেতৃত্বে গঠন করা হয় মানবসম্পদ উন্নয়ন কমিটি। গত ২৪শে অক্টোবর এই কমিটির পূর্ণাঙ্গ সভা অনুষ্ঠিত হয়। কমিটি ইতোমধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে সুপারিশমালা জমা দিয়েছে বলে জানা যায়।

আহ্বান ঃ পৃঃ ১১ কঃ ১

আহ্বান ঃ সচিব কমিটি

(১ম পৃষ্ঠার পর)

মানবসম্পদ উন্নয়নের ধারণা ও পরিধি সম্পর্কে ওই সুপারিশে বলা হয়েছে যে, বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়ন, দারিদ্র্য বিমোচন ও জনগণের জীবনমানের গুণগত পরিবর্তনের উদ্দেশ্যে একটি দক্ষ ও সৎ জনগোষ্ঠী গড়ে তোলাই হবে মানবসম্পদ উন্নয়ন প্রচেষ্টার মূল লক্ষ্য। এ প্রচেষ্টা হবে বহুমুখী খাতের মধ্যে পারস্পরিক সম্পর্কযুক্ত। স্বাস্থ্য, শিক্ষা ও প্রযুক্তির সমন্বয় সাধন করে মানব সম্পদকে গড়ে তোলার উদ্যোগ হবে বাস্তবসম্মত।

জনশক্তির চাহিদা নিরূপণ সংক্রান্ত সুপারিশে বলা হয়, জনশক্তি উন্নয়ন প্রচেষ্টার জন্য একটি তথ্য ব্যাংক গড়ে তোলা দরকার। বর্তমানে দেশে-বিদেশে কতো জনশক্তি কর্মরত আছে, দেশ-বিদেশে বিভিন্ন পেশা ও বৃত্তিভিত্তিক জনশক্তির চাহিদা কত এবং জনশক্তি সরবরাহ পরিস্থিতির বিবরণ এই তথ্য ব্যাংকে থাকতে হবে। মানবসম্পদ উন্নয়নের লক্ষ্যে পরিকল্পনা প্রণয়নে এই তথ্য ব্যাংক সহায়তা করবে বলে সুপারিশে উল্লেখ করা হয়।

শিক্ষা সংক্রান্ত সুপারিশে বলা হয়, শিক্ষাকে জীবনমুখী ও কর্মসংস্থানের ভিত্তি হিসেবে গড়ে ঢেলে সাজাতে হবে। ভবিষ্যতে ধারণক্ষমতা বাড়ানোর লক্ষ্যে জরিপ ও বিন্যাস করে সরকারি ও বেসরকারি খাতের শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে মানসম্মত ও নিম্নমানের বলে চিহ্নিত করতে হবে একশ দিনের মধ্যে। অনানুষ্ঠানিক ও বয়স্ক শিক্ষাকে শুধু সাক্ষরতা বাড়ানোর ...

... নার্স ও প্যারামেডিকস্ নিয়োগ, সরকারি ও বেসরকারি অফিসে ডে-কেয়ার সেন্টার স্থাপন, মাতৃত্বজনিত ছুটির মেয়াদ অন্তত চার মাস নির্ধারণ এবং বেসরকারি খাতের চিকিৎসা কেন্দ্রগুলোতে দক্ষ জনশক্তি নিয়োগ করা।

সচিব কমিটির ওই সুপারিশে বলা হয়, মানব সম্পদ উন্নয়নের জন্য প্রশিক্ষণের কোন বিকল্প নেই। কমিটি সকল মন্ত্রণালয় ও প্রতিষ্ঠানে উন্নয়ন এবং প্রশিক্ষণ সেল তৈরির সুপারিশ করেছে। কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ চাহিদা নিরূপণ এবং সে অনুযায়ী যথাযথ প্রশিক্ষণ সুবিধা সৃষ্টির ব্যবস্থা করার কথাও বলেছে সচিব কমিটি। বিজ্ঞান ও অংক শিক্ষা যথাযথ পর্যায় পর্যন্ত এবং অষ্টম শ্রেণী পর্যন্ত শরীরচর্চা বাধ্যতামূলক, কর্মকর্তা ও কর্মচারীদের দক্ষতা বাড়ানো এবং কাজে উদ্বুদ্ধ করার লক্ষ্যে ভর্তুকি মূল্যে খাবারের ব্যবস্থা, প্রকল্পে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের চাকরির বয়সসীমা বাড়ানোরও সুপারিশ করেছে সচিব কমিটি।

জাতীয় বাজেটের কমপক্ষে শতকরা ২৫ ভাগ স্বাস্থ্য ও শিক্ষা খাতে বরাদ্দ করার সুপারিশ করেছে ওই সচিব কমিটি। শিক্ষকদের জন্য রাজনীতিমুক্ত পরিবেশ সৃষ্টির লক্ষ্যে ১৯৭৩ সালের বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ সংশোধন, তথ্য প্রযুক্তি মাস্টার প্ল্যান প্রণয়ন, প্রথম শ্রেণীর চাকরি ক্ষেত্রে কোটা প্রথা বিলোপ, শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটি অথবা বোর্ডে রাজনৈতিক ব্যক্তিদের না রাখা, ইংরেজিকে দ্বিতীয় ভাষা হিসেবে আনুষ্ঠানিকভাবে ঘোষণা দেয়া ও ইংরেজি শিক্ষা বাধ্যতামূলক করারও সুপারিশ করেছে সচিব কমিটি।